

💵 সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ২১২১

১১/ কাফফারাসমুহ (তাত্রাট্রাট্রা)

পরিচ্ছেদঃ ১১/১৪. শপথের বিষয় কেউ যদি মনের মধ্যে গোপন রাখে।

بَابِ مَنْ وَرَّى فِي يَمِينِهِ

আরবী

حَدَّثَنَا عَمْرُو بْنُ رَافِع، حَدَّثَنَا هُشَيْمٌ، أَنْبَأَنَا عَبْدُ اللَّهِ بْنُ أَبِي صَالِح، عَنْ أَبِيهِ، عَنْ أَبِي هُرَيْرَةَ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ " يَمِينُكَ عَلَى مَا يُصَدِّقُكَ بِهِ صَاحِبُكَ " .

বাংলা

৩/২১২১। আবূ হুরাইরাহ্ (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ তোমার প্রতিপক্ষ তোমার শপথে আস্থা স্থাপন করলে সেটাই হবে তোমার শপথের ভিত্তি।

English

It was narrated from Abu Hurairah that the Messenger of Allah (ﷺ) said: "Your oath is as your companion understands it to be."

ফুটনোট

ইবনু মাজাহ ২১২০, মুসলিম ১৬৫৩, তিরমিয়ী ১৩৫৪, আবূ দাউদ ৩২৫৫,আহমাদ ৭০৭৯, ৮১৭৮, দারেমী ২৩৪৯।

তাহকীক আলবানীঃ সহীহ। উক্ত হাদিসের রাবী আবদুল্লাহ বিন আবু আলিহ সম্পর্কে আবুল ফাতহ আল-আযদী বলেন, তিনি তার পিতা থেকে হাদিস বর্ণনা করেছেন যা তার হাদিসের অনুসরণ করা যাবে না। আবু হাতিম বিন হিব্বান বলেন, তিনি তার পিতা থেকে এককভাবে হাদিস বর্ণনা করেছেন। ইমাম বুখারী বলেন, তিনি মুনকার তথা কুফুরী নয় এমন কওলী বা আমলী কোন ফিসক এর সাথে জড়িত। (তাহযীবুল কামালঃ রাবী নং ৩৩৩৮, ১৫/১১৬ নং পৃষ্ঠা) উক্ত হাদিসটি সহিহ কিন্তু আবদুল্লাহ বিন আবু সালিহ এর কারণে সানাদটি হাসান। হাদিসটির ৬৪ টি শাহিদ হাদিস রয়েছে, তন্মধ্যে ১ টি জাল, ১২ টি অধিক দুর্বল, ২৬ টি দুর্বল, ১৪ টি হাসান, ১১ টি সহিহ



হাদিস পাওয়া যায়। তন্মধ্যে উল্লেখযোগ্য হলঃ মুসলিম ১৬৫৪, তিরমিযি ১৩৫৪, আবু দাউদ ৩২৫৫, দারিমী ২৩৪৯, আহমাদ ৭০৭৯, ৮১৭৮, দারাকুতনী ৪২৬৯, মুসান্নাফ আব্দুর রায্যাক ১৬০২২, শারহুস সুন্নাহ ২৫১৪, ২৫১৫, আল-ফাওয়াইদ ৯৭১।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন